

- বর্তমান সরকার প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বিসিসি'র কার্যক্রমকে আরো সম্প্রসারণ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক গুরুত্বপূর্ণ অন্যান্য স্থাপনা যেমন- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রকের কার্যালয়, উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী, সফটওয়্যার ফিনিসিং স্কুল ইত্যাদি কার্যক্রমসূহের স্থান সংকুলানের নিমিত্ত “অবকাঠামো উন্নয়নের মাধ্যমে বিসিসি শক্তিশালীকরণ (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের আওতায় বিসিসি ভবনের ৫ম তলা থেকে ১৫তলা পর্যন্ত উর্ধ্বমুখী সম্প্রসারণের কাজ সম্পন্ন করা হয়েছে।
- সারা দেশে ৩৫৪৪টি শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণাঙ্গ কম্পিউটার ল্যাব স্থাপন;
- ১০১৩টি বিদ্যুত বিহীন ইউনিয়নে সৌর-বিদ্যুত সহকারে Union Information Service Centre (পরবর্তী কালে UDC) স্থাপন;
- ১৪৭টি UNO কার্যালয়ে UISC সদস্য ডিজিটাল সেন্টার স্থাপন;
- জাতীয় ডেটা সেন্টার (Tier-3) (Certified) স্থাপন;
- জাতীয় ডেটা সেন্টারের সক্ষমতা বৃদ্ধি এবং যশোরে ডিজাস্টার রিকভারী সেন্টার স্থাপন;
- গাজীপুরের কালিয়াকৈর-এ ফোর টিয়ার জাতীয় ডেটা সেন্টার স্থাপন কাজের অগ্রগতি ৯৫%;
- দেশে ডিজিটাল স্বাক্ষর প্রবর্তন;
- ডিজিটাল পদ্ধতিতে সেবা কার্যক্রম পরিচালনায় সহায়তা কল্পে দেশের সকল জেলা প্রশাসন কার্যালয়ে ৩১টি টার্মিনাল সহকারে নেটওয়ার্ক স্থাপন; ৭টি বিভাগীয় কার্যালয়ে অনুরূপ নেটওয়ার্ক স্থাপন;
- ই-গভর্নেন্স বাস্তবায়নে ১৮৪৩৪টি সরকারি অফিসকে একীভূত পাবলিক নেটওয়ার্কের আওতায় আনা য়ন;
- সরকারি পর্যায়ে ২৫,০০০টি ট্যাব বিতরণ, ৪৮৭টি ইউএনও কার্যালয়ে সৌর বিদ্যুৎ সুবিধা প্রদান, বাংলাদেশ সচিবালয়ে ও আইসিটি টাওয়ারে WiFi জোন স্থাপন;
- বর্তমান সরকারের “ডিজিটাল বাংলাদেশ” গড়ার স্বপ্নকে বাস্তবে রূপ দিতে কৃষি তথ্য সার্ভিস এর মাধ্যমে কৃষিক্ষেত্র আইসিটিভিত্তিক তথ্যসেবা কার্যক্রম পরিচালনার জন্য ২৫৪ টি এগ্রিকালচারাল ইনফরমেশন সেন্টার স্থাপন করা হয়েছে।
- রোগীদের যাতায়াতের কষ্ট লাঘবসহ আর্থিক সাশ্রয় হয় এবং উন্নত মানের চিকিৎসা সেবা গ্রহণের জন্য ২৫ টি টেলিমেডিসিন সেন্টার স্থাপন করা হয়েছে।
- ইনফো-সরকার প্রকল্প থেকে স্থাপিত ইন্ট্রানেট কানেক্টিভিটির উপর ভিত্তি করে ৮৮৩টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন করা হয়েছে। ভিডিও কনফারেন্সিং সিস্টেম এর মাধ্যমে এ পর্যন্ত মোট ২৯৭টি মাল্টি ভিডিও কনফারেন্সিং সম্পন্ন করা হয়েছে।

- নেটওয়ার্ক ব্যবস্থাপনার জন্য বিসিসি'তে Network Operation Centre স্থাপন করা হয়েছে। জাতীয় ই-গভর্নমেন্ট নেটওয়ার্ক কেন্দ্রীয় মনিটরিং সিস্টেমের আওতায় ১৮১৩০টি দপ্তরের মধ্যে ১৬৮৩৩টি সরকারি অফিস এবং ৮৯৩টি ভিডিও কনফারেন্সিং সিস্টেম বিসিসি'র Network Operation Centre মনিটরিং এর আওতায় আনা হয়েছে।
- বিসিসিতে ১টি Specialized Network Lab, ১টি Special Effect Lab এবং ১টি Titanium Lab স্থাপন করা হয়েছে। স্থাপিত এ সকল ল্যাবের মাধ্যমে নেটওয়ার্কিং, মোবাইল এ্যাপস, মোবাইল গেইম এবং সাইবার সিকিউরিটি, বিগডাটা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- ই-সেবা সহজীকরণে Bangladesh National Enterprise Architecture (BNEA) উন্নয়ন;
- সফটওয়্যার কোয়ালিটি টেস্টিং ল্যাব স্থাপন;
- বিসিসি'র ১৫ তলায় আইডিয়া প্রকল্পের অফিসসহ উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী নির্মাণ করা রয়েছে;
- দেশের উপকূলীয় দ্বীপ মহেশখালীতে দ্রুতিগতির ইন্টারনেট অবকাঠামো প্রবর্তন এবং ডিজিটাল সেবা চালু;
- ইনফো-সরকার (ফেজ-৩) প্রকল্পের মাধ্যমে ২৬০০ ইউনিয়নের মধ্যে ২০০০টি ইউনিয়নে অপটিক্যাল ফাইবার নেটওয়ার্ক Installation সম্পন্ন এবং ১১০০টি ইউনিয়নে উচ্চ গতির ইন্টারনেট Integation সম্পন্ন;